

# প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## ‘ক্যাশলেস বাংলাদেশ’ কি?

- ‘ক্যাশলেস বাংলাদেশ’ বাংলাদেশ ব্যাংকের একটি বিশেষ উদ্যোগ যেখানে নগদ অর্থ আদান প্রদানের ক্ষেত্রে QR, Card এবং POS Payment কে বিকল্প হিসেবে গণ্য করা হচ্ছে।

## QR Payment – কি এবং আমি কিভাবে এটি ব্যবহার করতে পারি?

- মার্চেন্ট বা দোকানের কাউন্টারে প্রদর্শিত QR (Bangla QR) কোড স্ক্যানের মাধ্যমে পেমেন্ট করাই হচ্ছে QR Payment। এটি করতে হলে আপনাকে Unet এ লগইন করে Payment অপশনে গিয়ে QR Payment – এ যেতে হবে। তারপর মার্চেন্ট বা দোকানের কাউন্টারে প্রদর্শিত Bangla QR স্ক্যান করে টাকার পরিমাণ উল্লেখ করে নিশ্চিত করতে হবে। বিস্তারিত জানতে ভিজিট করুন: <https://www.ucb.com.bd/reports/cards/important-information/user-manual-bangla-qr.pdf>

## QR Payment করতে কি Unet থাকা বাধ্যতামূলক?

- জ্বী, QR Payment করতে হলে আপনাকে Unet – এর একজন নিবন্ধিত গ্রাহক হতে হবে।

## এটা কি Unet app এবং Web উভয় প্ল্যাটফর্মে ব্যবহার করতে পারবো?

- শুধুমাত্র Unet app – এ আপনি QR Payment করতে পারবেন।

## আমি কি আমার ইউসিবি-এর ক্রেডিট কার্ড বা অ্যাকাউন্ট থেকে QR Payment করতে পারবো?

- জ্বী, আপনি আপনার Unet অ্যাপটি ব্যবহার করে Unet এ ট্যাগ করা ক্রেডিট কার্ড বা অ্যাকাউন্ট ব্যবহার করে QR Payment করতে পারবেন।

## QR Payment – সর্বোচ্চ কত টাকা পেমেন্ট করতে পারবো?

- QR Payment – এ প্রতি লেনদেনে সর্বোচ্চ ১ লক্ষ টাকা এবং দিনে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা লেনদেন করতে পারবেন।

## QR Payment – এ আমাকে কি কোন চার্জ প্রদান করতে হবে?

- বর্তমানে Unet এর মাধ্যমে QR Payment করতে আপনাকে কোন চার্জ প্রদান করতে হবে না।

## আমি কি চাইলে যে কোন ব্যাংক বা এম এফ এস-এ QR Payment করতে পারবো?

- আপনি শুধু ‘ক্যাশলেস বাংলাদেশ’-এ অংশগ্রহণকারী ব্যাংক বা এম এফ এস-এ QR Payment করতে পারবেন।

## এই উদ্যোগের অন্যান্য অংশগ্রহণকারী ব্যাংক/ এমএফএস/ পিএসপি গুলি কারা?

- এই উদ্যোগে অন্যান্য অংশগ্রহণকারী ব্যাংক সমূহ হচ্ছে ইউসিবি, ব্যাংক এশিয়া, এবি ব্যাংক, দি সিটি ব্যাংক, ডিবিবিএল, ইবিএল, আইবিবিএল, এমটিবি, ওয়ান ব্যাংক, পুবালী ব্যাংক এবং অংশগ্রহণকারী এমএফএস হচ্ছে বিকাশ।